ঢাকায় জেবিআইসির কার্যালয় খোলার প্রস্তাব প্রধানমন্ত্রীর



ছবি: সংগৃহীত

জাপান ব্যাংক ফর ইন্টারন্যাশনাল কো-অপারেশনের (জেবিআইসি) গভর্নর আমাকাওয়া কাজুহিকোর সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (২৮ অক্টোবর) জাপানের স্থানীয় সময় সকাল সাড়ে ৯টায় অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশের জ্বালানি, তথ্যপ্রযুক্তি ও অবকাঠামো খাতে বিনিয়োগ এবং দ্বিপক্ষীয় অর্থনৈতিক সহযোগিতা বাড়ানোর বিষয়ে আলোচনা হয়।

বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে ব্যবসাবান্ধব পরিবেশ তৈরি এবং বিভিন্ন বিধিবিধান সহজ করতে কাজ করছে সরকার। বাংলাদেশের উন্নয়ন অগ্রাধিকারের সঙ্গে জেবিআইসির প্রকল্পগুলোর সামঞ্জস্যের কথাও তুলে ধরেন তিনি। এ সময় বাংলাদেশে সংস্থাটির পূর্ণাঙ্গ কার্যালয় খোলার প্রস্তাব দেওয়া হলে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনার আশ্বাস দেন গভর্নর।

সাক্ষাতে বাংলাদেশের পক্ষে অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনাবিষয়ক উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির, ইনভেস্ট বাংলাদেশের চেয়ারম্যান আশিক চৌধুরী এবং বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।